



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪ - ২৬৭৬

তারিখ: ০৫/৪/২০১৫ খ্রিঃ।

বিষয়: মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপী ঋণের কারণে বেতন-ভাতা স্থগিত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) সহকারী পরিচালক (উন্নয়ন) কর্তৃক পিরোজপুর জেলার পিরোজপুর সদর উপজেলায় সরেজমিনে পরিদর্শনকালে উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপী ঋণের তথ্য উদ্ঘাটিত হয়। অথচ মাসিক রিপোর্টে উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপী ঋণের বিষয়টি প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারী নিয়মিত গোপন রাখতেন। এছাড়া উক্ত উপজেলায় সমিতি গঠন ও সদস্য অর্ন্তভুক্তি লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। ইহাতে প্রতীয়মান হয়, প্রকল্পে কর্মরত সংশ্লিষ্টদের দায়িত্বে অবহেলার কারণে উপজেলায় বিতরনকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী ও কিস্তি খেলাপী ঋণের পরিণত হয়েছে এবং সমিতি গঠন ও সদস্য অর্ন্তভুক্তি কম হয়েছে। এমতাবস্থায়, পিরোজপুর সদর উপজেলায় কর্মরত নিম্নোক্ত কর্মচারীগণের বেতন-ভাতা প্রতি মাসে নিম্নোক্ত হারে স্থগিত রাখার নির্দেশ প্রদান করা হলো :

ক্রঃ নং	জেলা	উপজেলা	কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক	মাঠ সংগঠকের নাম	হিসাব সহকারীর নাম	বেতন-ভাতা স্থগিতের হার
১	পিরোজপুর	পিরোজপুর সদর	সঞ্জয় কুমার মজুমদার	সুখিতা তহশীলদার	সুমন মুসিদ	২০%

২. মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ শতভাগ এবং কিস্তি খেলাপী ঋণ সন্তোষজনক আদায় সাপেক্ষে স্থগিতকৃত বেতন-ভাতা বকেয়া হিসেবে প্রদান করা যাবে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় না হওয়া পর্যন্ত স্থগিতকৃত বেতন-ভাতা প্রদান করা হলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

  
মোঃ আবুল কালাম

উপপ্রকল্প পরিচালক,

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

ফোনঃ ০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলাঃ পিরোজপুর সদর,  
জেলাঃ পিরোজপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।

০২। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো) বিআরডিবি, উপজেলাঃ পিরোজপুর সদর, জেলাঃ পিরোজপুর।

০৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

০৫। অফিস কপি।